এনডিপি বার্তা

জানুয়ারি - মার্চ, ২০২২ । সংখ্যা ৩১ । বর্ষ ১৪

সূ চি প ত্র

- এনডিপি'র ৩০তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন ১
- সাসটেনেইবল এন্টারপ্রাইজ প্রজেক্ট-এসইপি, আন্তর্জাতিক নারী দিবস-২০২২, আরএমটিপি প্রকল্পের ৪ দিনব্যাপি ওয়ার্কশপ ২
- ব্রাজ প্রকল্পের দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা, জয়পুরহাটে সিইএমবি প্রকল্পের দুই দিনব্যাপি ওরিয়েন্টেশন, রাজশাহীতে শিক্ষিকাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ৩
- আরটুআইজি প্রকল্পের 'তথ্য অধিকার আইন'-২০০৯ বিষয়ক প্রশিক্ষণ, এনডিপি ফিড এর বার্ষিক সভা, এক নজরে এনডিপি'র ঋণ সহায়তা কার্যক্রমের অগ্রগতি ৪
- 'লাগসই প্রযুক্তির প্রয়োগ ও সম্প্রসারণ শীর্ষক প্রদর্শনীতে' এনডিপি তৃতীয়, লাইভস্টক রিস্ক মিটিগেশন প্রোগ্রামের খামারি প্রশিক্ষণ, এসইপি-ডেইরী প্রকল্পের 'পরিবেশ সনদ বিষয়ক কর্মশালা' ৫
- আলোকিত গ্রাম কর্মসূচির শিক্ষা উপকরণ বিতরণ, ইইএস প্রকল্প, সমবায় সমিতি ও প্যানাসিয়া এ্যাগ্রোভেট এর সমোঝতা, মা ও শিশু সহায়তা কর্মসুচি'র নারী দিবস, জানুয়ারি-মার্চ ২০২১ প্রকল্প শুরু বা শেষ এর সংক্ষিপ্ত বিবরণ ৬
- "মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা এবং জেন্ডার ও যৌন হয়রানি" বিষয়ক প্রশিক্ষণ, সমৃদ্ধি কর্মসূচির চোখের ছানী অপারেশন, সিজিবিভি প্রকল্প ও ওয়ান স্টপ ক্রাইসিস সেল এর সংলাপ, প্রবীণ কর্মসূচির সোনালী উদ্যোগ (টি-স্টল) স্থাপন ৭
- ইউএনডিপি এর অর্থায়নে সেলাই মেশিন প্রদান, গৃহায়ন কর্মসূচির ঋণ বিতরণ, কৈশোর কর্মসূচির জাতীয় শিশু দিবস উদ্‌যাপন ৮
- সৌহার্দ্য III কর্মসূচি'র বহুমুখী নগদ অর্থ সহায়তা, ১৭ই মার্চ শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবসের কার্যক্রম, জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির লিগ্যাল এইড কমিউনিটি ক্লিনিক ৯
- এসডিসি কর্তৃক জামালপুরে এমফোরসি প্রকল্প পরিদর্শন ১০

সম্পাদনা পরিষদ

সম্পাদক ঃ

মোঃ আলাউদ্দিন খান

নির্বাহী পরিচালক

প্রণয়নে ঃ

মোঃ জানাফার ইসলাম

সহকারী ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

প্রকাশনায় ঃ

রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

এনডিপি'র ৩০তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন

কেক কর্তন করছেন সংস্থার নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান, সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত জেলা ম্যাজস্ট্রেট লুৎফুন নাহারসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর ৩০তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপিত হয়েছে। ০১ জানুয়ারি ১৯৯২ সালে প্রতিষ্ঠিত এনডিপি এর প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে দিনভর সাংস্কৃতিক আয়োজন ছাড়াও উৎসবমূখর পরিবেশে দিবসটি পালন করা হয়। সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান এর উপস্থিতিতে কেক কর্তনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষনা করেন সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত জেলা ম্যাজস্ট্রেট লুৎফুন নাহার। এ সময় তিনি এনডিপি'র প্রশংসার মাধ্যমে বলেন, এনডিপি এখন শুধুমাত্র স্থানীয় পর্যায়ের কোন উন্নয়ন সংস্থা নয়, বরং এটি এখন বাংলাদেশের অন্যতম বেসরকারী উন্নয়ন সংস্থা গুলোর একটি। পাশাপাশি তিনি উদ্যোক্তাদের মডেল সংস্থা হিসেবেও এনডিপিকে চিহ্নিত করেন। সংস্থার নির্বাহী পরিচালক তার বক্তব্যে বিগত দিনের সহকর্মীদের কথা স্মরণ পূর্বক সংস্থার ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে সকলকে অবগত করেন এবং জেলা প্রশাসনের আন্তরিকতা ও সহযোগিতার জন্য ধন্যবাদ জনান।

এ সময় সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ মনির হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোঃ মোবারক হোসেন, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (ট্রেজারী, ব্যবসা ও বানিজ্য, গোপনীয় শাখা) মুরাদ হোসেন, ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (রাজস্ব, রাজস্ব মুন্সিখানা, ভিপি সেল শাখা) মোঃ মাসুদ হোসেন ও তাদের পরিবারের অন্যান্য সদস্যসহ কামারখন্দ উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ মেরিনা সুলতানা ও সহকারী কমিশনার (ভূমি) মোছাঃ নাজমুন নাহার উপস্থিত থেকে সংস্কৃতিক কার্যক্রমে স্বেচ্ছায় অংশগ্রহণ করেন।

এছাড়াও এনডিপি'র নির্বাহী পরিষদের সদস্যবৃন্দ, সংস্থায় কর্মরত সকল পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এনডিপি বার্তা
জানুয়ারি - মার্চ, ২০২২ । সংখ্যা ৩১ । বর্ষ ১৪

সাসটেনেইবল এন্টারপ্রাইজ প্রজেক্ট-এসইপি (তাঁত) প্রকল্পের কর্মশালা

বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ জেলার সুযোগ্য জেলা প্রসাশক ড. ফারুক আহাম্মদ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে সাসটেনেইবল এন্টারপ্রাইজ প্রজেক্ট-এসইপি (তাঁত) প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর, কামারখন্দ ও বেলকুচি উপজেলার তাঁত অধ্যুষিত এলাকায় প্রকল্পের মাধ্যমে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পের ধারাবাহিক কার্যক্রমের অংশ হিসেবে সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়াস্থ শহীদ এ.কে. শামসুদ্দিন সম্মেলন কক্ষে প্রকল্পের তাঁত অধ্যুষিত এলাকায় পরিবেশ আইন বাস্তবায়নে সমস্যা ও সম্ভাবনা শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়।

১৫ মার্চ ২০২২ অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালার শুভ উদ্বোধন করেন সিরাজগঞ্জ জেলার সুযোগ্য জেলা প্রশাসক ড.ফারুক আহাম্মদ। এসময় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন সিরাজগঞ্জ জেলা তাঁত সৃষ্ট দূষনের ফলে মারাত্মক পরিবেশ দূষনের স্বীকার হচ্ছে। বিশেষ ভাবে বেলকুচির কথা উল্লেখ করে বলেন বেলকুচির পানির অবস্থা খুবই খারাপ পর্যায়ে চলে গিয়েছে। ইটিপি স্থাপনের মাধ্যমে অবস্থার উন্নয়ন করা প্রয়োজন। পাশাপাশি উদ্যোক্তাদেরকে পরিবেশ বিষয়ে সচেতন থেকে কাজ করার পরামর্শ প্রদান করেন। এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান স্বাগত বক্তব্যের মাধ্যমে কর্মশালায় উপস্থিত অতিথিদের অভিনন্দন জানান এবং এনডিপি ও প্রকল্প সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা প্রদান করেন। প্রকল্পের কার্যক্রম ও তাঁত অধ্যুষিত এলাকার দূষণ ও প্রকল্পের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন প্রকল্প ব্যবস্থাপক মো. আশরাফুজ্জামান।

কর্মশালায় দৈনিক সিরাজগঞ্জ প্রতিদিন পত্রিকার নির্বাহী সম্পাদক মো. ইসমাইল হোসেন এর উপস্থাপনায় সভাপতিত্ব করেন সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ মনির হোসেন। এছাড়াও জেলা প্রেস ক্লাবের সভাপতি/সাধারণ সম্পাদক, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ, সরকারি বিভিন্ন দপ্তর ও অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিবৃন্দ, বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ, তাঁত উদ্যোক্তাসহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

আন্তর্জাতিক নারী দিবস-২০২২

ন্যাশনাল ডেলেপমন্ট প্রোগ্রাম (এনডিপি) এর উদ্যোগে আন্তর্জাতিক নারী দিবস-২০২২ উদ্‌যাপন করা হয়েছে। ৮ মার্চ দিবসটি উপলক্ষ্যে সংস্থার জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচি এ আয়োজন করে। ১২ মার্চ এনডিপি'র প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। শুরুতেই তিনি বলেন- 'টেকসই আগামীর জন্য, জেন্ডার সমতাই আজ অগ্রগণ্য' প্রতিপাদ্য বিষয় নিয়ে এবারের নারী দিবস-২০২২ পালিত হচ্ছে। এসময় তিনি জেন্ডার সমতায় টেকসই উন্নয়নের কথা বলেন এবং শুধুমাত্র মুখে মুখে নয় বরং কর্মক্ষেত্রেও তা বাস্তবায়নের আহবান জানান। অনুষ্ঠানে সিজিবিভি প্রকল্প কর্মকর্তা মোছা. শারমিন আকতার এর শুভেচ্ছা বক্তব্যের মধ্য দিয়ে নারীদের নিয়ে রচিত কবিতা পাঠ করেন সংস্থার পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল এবং নারী দিবসের ইতিহাস তুলে ধরেন সংস্থার পরিচালক (অর্থ ও হিসাব) মিলন কুমার রায়। সংস্থায় কর্মরত সকল স্টাফদের সুযোগ-সুবিধার কথা উল্লেখ করে পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ নিজের পরিবারের উদাহরণের মাধ্যমে বক্তব্য প্রদান করেন। এছাড়াও নারীদের পাশাপাশি পিছিয়ে পরা জনগোষ্ঠির কথা উল্লেখ পূর্বক বক্তব্য প্রদান করেন সংস্থার সহকারী পরিচালক (মানব সম্পদ ও প্রশাসন) নুরুন নাহার ও প্রকল্প সমন্বয়কারী (সিজিবিভি) মোছা. আকতারী বেগম। অনুষ্ঠান পরিচালনা করেন সহকারী ব্যবস্থাপক (প্রশিক্ষণ) ও জেন্ডার ফোকাল পারসন সোমা দাস। এ সময় সংস্থা কর্তৃক বাস্তবায়িত সকল প্রকল্পের প্রধান ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

নারী দিবসে বক্তব্য প্রদান করছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

আরএমটিপি প্রকল্পের ৪দিন ব্যাপি ওয়ার্কশপ

বক্তব্য দিচ্ছেন সংস্থার নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

রুরাল মাইক্রোএন্টারপ্রাইজ ট্র্যান্সফরমেশন প্রকল্প (আরএমটিপি) প্রকল্পের "সাব প্রজেক্ট ফ্যাসিলিটেশন গাইডলাইন উন্নয়ন" বিষয়ক চার (০৪) দিন ব্যাপী কর্মশালা সম্পন্ন হয়েছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও ইফাদ এর আর্থিক সহযোগিতায় প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এর-ই ধারাবাহিকতায় ২৭ মার্চ' ২০২২ তারিখে সংস্থার প্রধান কার্যালয়ে শুরু হওয়া কর্মশালাটি ৩০ মার্চ ২০২২ সম্পন্ন করা হয়।

সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান এর সভাপতিত্বে ফ্যাসিলিটেটর এর দায়িত্ব পালন করেন পিকেএসএফ এর সিনিয়র ভ্যালুচেইন স্পেশালিষ্ট এস এম নিয়াজ মাহমুদ, ডেপুটি ম্যানেজার মোঃ মজনু সরকার ও ভ্যালুচেইন প্রজেক্ট ম্যানেজার মোঃ এরফান আলী। পরিচয় পর্বের মধ্যে দিয়ে কর্মশালার উদ্দেশ্য সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর উপ-ব্যবস্থাপক মজনু সরকার। এসময় তিনি বলেন "চারদিন ব্যাপী কর্মশালার মধ্যদিয়ে আরএমটিপি উপ-প্রকল্পের ৬টি ইন্টারভেনশনের মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য একটি সুনির্দিষ্ট ফ্যাসিলিটেশন গাইডলাইন তৈরি করা হবে।" এসময় এনডিপি এর পরিচালক (কর্মসূচি) ও আরএমটিপি প্রকল্পের ফোকাল পার্সন মোহা. শাহ্ আজাদ ইকবালসহ প্রকল্প ব্যবস্থাপক মোঃ মাসুদ মন্ডল ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য জাতীয় পর্যায়ের ৮টি বেসরকারী উন্নয়ন সংস্থা (এনডিপি-সিরাজগঞ্জ, এফডিএ-পিরোজপুর, ওয়েভ ফাউন্ডেশন-মেহেরপুর, জিজেইউএস-ভোলা, গাক-বগুড়া, দাবি-নওগা, ইপসা-চট্রগ্রাম এবং ইএসডিও-ঠাকুরগাঁও) থেকে ০৩জন করে মোট ২৪ জন প্রতিনিধি কর্মশালায় অংশগ্রহণ করেন।

এনডিপি বার্তা
জানুয়ারি - মার্চ, ২০২২ । সংখ্যা ৩১ । বর্ষ ১৪

ব্রাজ প্রকল্পের দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা

বক্তব্য দিচ্ছেন মাননীয় সংসদ সদস্য (কুড়িগ্রাম-৩) অধ্যক্ষ এম এ মতিন, এমপি

বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) বাস্তবায়িত বিল্ডিং রেজিলিয়েন্স টু এ্যচিভ জিরো হাঙ্গার (ব্রাজ) প্রকল্পের উদ্যোগ দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পটি কুড়িগ্রাম জেলার উলিপুর ও চিলমারী উপজেলার যথাক্রমে সাহেবের আলগা ইউনিয়ন, রানীগঞ্জ এবং অষ্টোমির চর ইউনিয়নে বন্যার পূর্বাভাসে মাধ্যমে সহায়তার লক্ষ্যে কাজ করে যাচ্ছে।
প্রকল্পের বহুমূখী কার্যক্রমের অংশ হিসেবে ২৭ মার্চ ২০২২ উলিপুর উপজেলা পরিষদ হলরুমে উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। উলিপুর উপজেলা পরিষদ এর সম্মানিত চেয়ারম্যান মোঃ গোলাম হোসেন (মন্টু) এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় সংসদ সদস্য (কুড়িগ্রাম-৩) অধ্যক্ষ এম এ মতিন, এমপি। সভায় প্রধান অতিথি বক্তব্যে বলেন, "আমার জানা মতে প্রকল্পটি একটি অভিনব প্রকল্প, যার সেবার মাধ্যমে প্রকল্প ভূক্ত জনগোষ্ঠি বিশেষভাবে উপকৃত হচ্ছে। এহেন প্রকল্প যাতে উলিপুরের সকল বন্যাকবলীত ইউনিয়নে বাস্তবায়িত হয় সে জন্য আমি বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) কে অনুরোধ জানাবো এবং সেইসাথে যদি সরকারের দূর্যোগ বিষয়ক মন্ত্রণালয়কে লিখিত আবেদন দিতে হয় তাও দিবো"। তিনি বিশেষভাবে এনডিপি এর বাস্তবায়িত কর্মকান্ডের ভূয়োসী প্রশংসা করেন।
এছাড়াও অনুষ্ঠানে সরকারী ও বেসরকারী মোট ৫২ জন কর্মকর্তার পাশাপাশি বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিএফপি) এর রংপুর প্রতিনিধি ও ফোকাল পার্সন মোঃ সাদেক আলী, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মোঃ সিরাজুদ্দৌলাসহ সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও পৌর মেয়র, এনজিও প্রতিনিধিবৃন্দ ও প্রিন্ট মিডিয়ার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন ব্রাজ প্রকল্পের বিজনেস ডেভেলপমেন্ট অফিসার মোঃ আবদুস ছালাম সরকার।
উল্লেখ্য বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) এর আর্থিক ও কারিগরী সহায়তায় ইতোমধ্যেই ৩৫৮৫ লক্ষ্যভূক্ত পরিবারের মধ্যে বন্যার আগাম প্রস্তুতি স্বরুপ তাদের বিকাশ ওয়ালেট নাম্বারের মাধ্যমে বন্যা আসার পূর্বাভাসের ৫-৭ দিনের মধ্যে ৪৫০০ (চার হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়েছে। এছাড়া রানীগঞ্জ ও অস্টোমির চর ইউনিয়নের ২৩০৯ জন উপকারভোগীকে বিকল্প জীবিকায়ণ এর আওতায় এনে তাদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান অন্তে ১৫,০০০ (পনের হাজার) টাকা প্রদান করা হয় যা দিয়ে তারা বিভিন্ন ব্যবসা পরিচালনা করছেন।

জয়পুরহাটে সিইএমবি প্রকল্পের দুই দিনব্যাপি ওরিয়েন্টেশন

প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর অর্থায়নে বাস্তবায়িত বাংলাদেশে বাল্যবিবাহ প্রতিরোধ (সিইএমবি) প্রকল্পটি পাবনা ও জয়পুরহাট জেলায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের ধারাবাহিক কার্যক্রমের অংশ হিসেবে জয়পুরহাট জেলায় দুই দিনব্যাপি ওরিয়েন্টেশন আয়োজন করা হয়। এতে জেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন। ২৯ ও ৩০ মার্চ ২০২২ অনুষ্ঠিত ওরিয়েন্টেশনে জেন্ডার সমতা, শিশু অধিকার ও শিশু সুরক্ষা এবং বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ বিষয়ে আলোচনা করা হয়। জয়পুরহাট জেলার সদর উপজেলার সভা কক্ষে অনুষ্ঠিত ওরিয়েন্টেশনে নির্বাহী অফিসার মোঃ আরাফাত হোসেন এর সভাপতিত্বে সেশন পরিচালনা করেন সিইএমবি প্রকল্পের বিভাগীয় ব্যবস্থাপক সাব্বির আহমেদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), উপ-পরিচালক (মহিলা বিষয়ক অধিদপ্তর), ও সম্মানিত জেলা জজ।

সিইএমবি প্রকল্পের দুই দিনব্যাপি ওরিয়েন্টেশনের অংশ বিশেষ

রাজশাহীতে শিক্ষিকাদের কেন্দ্র পরিচালনাগত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

বক্তব্য দিচ্ছেন এনডিপি'র উপ-পরিচালক ও প্রকল্প ফোকাল পারসন কাজী মাসুদুজ্জামান

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক বাস্তবায়িত 'বাংলাদেশে ঝুকিপুর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রোকল্প' এর আওতায় শিক্ষিকাদের কেন্দ্র পরিচালনার লক্ষে দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। শ্রম ও কর্মস্থান মন্ত্রণালয় এর অর্থয়নে পরিচালিত প্রকল্পের কার্যক্রম শুরু হয় ০১ জানুয়ারী ২০২২। রাজশাহী সিটি করপরেশন এলাকার- ১৭, ১৮, ১৯ ও ২০ নম্বর (৪টি) ওয়ার্ডের মোট ৮৯৩ জন শিশুকে প্রকল্পের আওতাভূক্তকরণ করা হয়েছে। যারা প্রত্যেকেই ১০ থেকে ১৬ বছর বয়সি এবং সকলেই সরকার নির্ধারিত ৩৮ টি ঝুকিপুর্ণ কাজের সাথে জড়িত। প্রকল্পের আওতায় ৩৬ টি কেন্দ্রের মাধ্যমে (প্রতি কেন্দ্রে ২৫জন) ১০ মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হবে। এদের প্রত্যেককে প্রথম ৬ মাস উপানুষ্ঠানিক শিক্ষা দেওয়া হবে এবং পরবর্তী ৪ মাস ট্রেড ভিত্তিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হবে। শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষে প্রত্যেক শিক্ষা কেন্দ্রে একজন করে শিক্ষিকা নিয়োজিত আছেন। মূলত কিভাবে তারা কেন্দ্র পরিচালনা করবেন এ বিষয়েই তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়। এসময় এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) ও প্রকল্পের ফোকাল পারসন কাজী মাসুদুজ্জামান এবং প্রকল্প এর প্রোগ্রাম সুপারভাইজার জামাল হোসেন উপস্থিত ছিলেন।

এনডিপি বার্তা
জানুয়ারি - মার্চ, ২০২২ । সংখ্যা ৩১ । বর্ষ ১৪

আরটুআইজি প্রকল্পের 'তথ্য অধিকার আইন'-২০০৯ বিষয়ক প্রশিক্ষণ

এনডিপি বাস্তবায়িত Right to Information for Good Governance (R2iG) প্রকল্পের আওতায় ০২ (দুই) দিনব্যাপী সরকারী তথ্য প্রদানকারী কর্মকর্তাদের 'তথ্য অধিকার আইন'-২০০৯ ও তাদের দায়িত্ব কর্তব্য বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। "দি এশিয়া ফাউন্ডেশন"-এর সহযোগিতায় ২২ ও ২৩ ফেব্রুয়ারি ২০২২ প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. মনির হোসেন। সিরাজগঞ্জ অফিসার্স ক্লাবে অনুষ্ঠিত প্রশিক্ষণে স্বাগত বক্তব্য প্রদান করেন এনডিপি এর নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এসময় তিনি তথ্য অধিকার আইন-২০০৯ এর অধিকতর ব্যবহার নিশ্চিত করতে সকলের প্রতি আহবান জানান।

আলোচনার বিষয়বস্তু হিসেবে প্রকল্পের পরিচিতি ও কর্মসূচী, মানবাধিকার, তথ্য অধিকার আইন'-২০০৯, তথ্য প্রদানে সরকারী কর্মকর্তাদের দায়িত্ব-কর্তব্য, যোগাযোগ, সুশাসন, তথ্য অধিকার আইন নিরাপত্তা আইনের বিপরীত রক্ষাকবচ ও তথ্য অধিকার আইনের সাথে সাদৃশ্য আইন ও ধারা সমুহকে প্রাধান্য দেয়া হয়। প্রশিক্ষণে বিভিন্ন বিষয়ে সহায়কের ভূমিকা পালন করেন- জেলা তথ্য কর্মকর্তা মুহাম্মদ আবুল খায়ের ও এনডিপি'র পরিচালক (কর্মসূচী) মোহা. শাহ্ আজাদ ইকবাল। এছাড়া প্রশিক্ষণে মুল সহায়কের ভূমিকা পালন করেন আরটুআইজি প্রকল্প সমন্বয়কারী নারগীস পারভীন মুক্তি। ২ দিনের প্রশিক্ষণে সিরাজগঞ্জ জেলার বিভিন্ন সরকারী অধিদপ্তরের কর্মকর্তাসহ মোট ৩০ জন অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীগণ নিজেদের প্রতিটি অফিসে দায়িত্ব প্রাপ্ত তথ্য কর্মকর্তার নাম, পদবী ও মোবাইল নম্বর জনস্বার্থে দিয়ে রাখবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

বক্তব্য দিচ্ছেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. মনির হোসেন

এনডিপি ফিড এর বার্ষিক সভা

বক্তব্য দিচ্ছেন এনডিপি ফিড এর মহা-ব্যবস্থাপক আবু নাইম মো. জুবায়ের খান

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর প্রধান সহ-প্রতিষ্ঠান এনডিপি ফিড এর বার্ষিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। ০৮ ফেব্রুয়ারি ২০২২ সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন এনডিপি ফিড এর মহা-ব্যবস্থাপক ও এনডিপি'র উপ-পরিচালক (কর্মসূচি) আবু নাইম মো. জুবায়ের খান। এসময় তিনি বিগত বছরের সাফল্য ব্যর্থতা উল্লেখের পাশাপাশি সকলের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। একইসাথে বাজারজাতকরণের ক্ষেত্রে নতুন নতুন আইডিয়া উদ্ভাবন এর বিকল্প নেই বলে সকলকে এক্ষেত্রে মানোনিবেশ এর আহবান জানান। এনডিপি ফিড তার অর্জিত সাফল্য ধরে রেখে কার্যক্রম বাস্তবায়ন করবে বলে আশাবাদ ব্যক্ত করেন। দিনব্যাপি সভা পরিচালনা করেন এনডিপি ফিড এর উপ মহা-ব্যবস্থাপক ও এনডিপি'র ব্যবস্থাপক (আরএন্ডডি) মোল্লা আব্দুল্লাহ আল মেহদী। এসময় এনডিপি ফিড এর উপ-ব্যবস্থাপক মো. ফারুক হোসেনসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এক নজরে এনডিপি'র ঋণ সহায়তা কার্যক্রমের অগ্রগতি

এনডিপি উন্নয়ন সহযোগি সংস্থার সাথে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করার পাশাপাশি ১৯৯২ সাল থেকে ঋণ সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে। কর্মসূচিটি এনডিপি নিজস্ব ও পিকেএসএফ এর অর্থায়নে ৮৭টি শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে। এনডিপি কর্তৃক অর্জিত কর্মসূচিটির বর্তমান চিত্র নিচের ছকে তুলে ধরা হলো;

ক্রঃ নং	বিবরণ	মার্চ' ২০২২	ক্রঃ নং	বিবরণ	মার্চ' ২০২২	ক্রঃ নং	বিবরণ	মার্চ' ২০২২
১	শাখার সংখ্যা	৮৭	৯	মোট বকেয়া (কোটি টাকায়)	৮.২০	১৭	কর্মী ঃ ঋণী সদস্য	১:২৩৮
২	মোট সদস্য জন	১১৬২৪১	১০	ঋণ আদায়ের হার	৯৯.৭৩%	১৮	সমিতি ঃ সদস্য	১:১৬
৩	ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরন (কোটি টাকায়)	৩৪৬৫.৪০	১১	On Time Realization (OTR)	৯৮.৩২%	১৯	সমিতি ঃ ঋণী সদস্য	১:১২
৪	ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় (কোটি টাকায়)	৩০৮৫.৭০	১২	Liquidity Ratio	১৪.৮০%	২০	কর্মীঃ ঋণ স্থিতি (লাখ টাকায়)	১:১০০.৯৮
৫	ঋণ স্থিতি (কোটি টাকায়)	৩৭৯.৭০	১৩	Port folio At Risk	২.৮৪%	২১	কর্মী ঃ সঞ্চয় স্থিতি (লাখ টাকায়)	১:২৭.৬৮
৬	সদস্যদের সঞ্চয় স্থিতি (কোটি টাকায়)	১০৪.০৭	১৪	Delinquent Ratio	২.১৬%	২২	ষ্টাফ ঃ ঋণী সদস্য	১:১৩২
৭	ক্রমপুঞ্জিভূত নীট তহবিল (কোটি টাকায়)	১৫৯.০৬	১৫	Debt : Equity	১.৫৯:১			
৮	ঋণী কভারেজ	৭৭.০১%	১৬	কর্মী ঃ সদস্য	১:৩০৯			

এনডিপি বার্তা
জানুয়ারি - মার্চ, ২০২২ । সংখ্যা ৩১ । বর্ষ ১৪

‘লাগসই প্রযুক্তির প্রয়োগ ও সম্প্রসারণ শীর্ষক প্রদর্শনীতে’ এনডিপি তৃতীয়

পুরস্কার তুলে দিচ্ছেন কামারখন্দ উপজেলা নির্বাহী কর্মকর্তা মেরিনা সুলতানা

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এর আয়োজনে এবং কামারখন্দ উপজেলা প্রশাসন এর বাস্তবায়নে ‘স্থানীয়ভাবে উদ্ভাবিত লাগসই প্রযুক্তির প্রয়োগ ও সম্প্রসারণ’ শীর্ষক প্রদর্শনীর আয়োজন করা হয়। ২৭ জানুয়ারী ২০২২ কামারখন্দ উপজেলা পরিষদ কর্তৃক আয়োজিত প্রদর্শনীতে এনডিপি’র বাস্তবায়নাধীন সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট-এসইপি (তাঁত) প্রকল্পের উদ্যোগে ‘লোকস্ট ওয়েস্ট ওয়াটার ম্যানেজমেন্ট (পিট)’ এবং সমন্বিত কৃষি ইউনিট এর উদ্যোগে ‘ট্রাইকো কম্পোস্ট উৎপাদন ও ব্যবহার’ ও জৈবিক উপায়ে বালাইদমন ব্যবস্থা প্রদর্শন করা হয়। উক্ত প্রদর্শনীতে বিভিন্ন সরকারী-বেসরকারী সংস্থা ও স্কুল-কলেজসহ মোট ১৮টি প্রতিষ্ঠান তাদের উদ্ভাবিত লাগসই প্রযুক্তির প্রয়োগ ও সম্প্রসারণে বিভিন্ন প্রদ্ধতি প্রদর্শণ করেন। এতে বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) তৃতীয় স্থান অর্জন করে। প্রদর্শণী পরবর্তীতে সংস্থার নিকট পুরস্কার হস্তান্তর করেন কামারখন্দ উপজেলা পরিষদ চেয়ারম্যান এস.এম. শহিদুল্লাহ সবুজ ও কামারখন্দ উপজেলা নির্বাহী কর্মকর্তা মেরিনা সুলতানা। এসময় এনডিপি’র এসইপি তাঁত প্রকল্পের ব্যবস্থাপক মো. আশরাফুজ্জামান ও টেকনিক্যাল অফিসার মো. সাখাওয়াত হোসেন, ঋণ সহায়তা কর্মসূচির এরিয়া ম্যানেজার মাহফুজ রহমান, কৃষি ইউনিটের সমন্বয়কারী মুহাম্মদ আবদুল হালিম, কৈশোর কর্মসূচির সিনিয়র প্রকল্প কর্মকর্তা মো. ফজল করিমসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

লাইভস্টক রিস্ক মিটিগেশন প্রোগ্রামের খামারি প্রশিক্ষণ

Swiss Agency for Development and Cooperation (SDC)-এর অর্থায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় লাইভস্টক রিস্ক মিটিগেশন প্রোগ্রাম (এলআরএমপি) প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। সিরাজগঞ্জ, নাটোর ও পাবনার জেলার ১২টি উপজেলায় প্রকল্প কার্যক্রম পরিচালিত হচ্ছে। বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)’র ঋণ সহায়তা কর্মসূচির ২৯টি শাখায় খামারীদের প্রশিক্ষণ প্রদান, ভ্যাক্সিনেশন ক্যাম্প আয়োজন, গবাদী প্রাণি সুরক্ষা সেবা গঠনসহ বিভিন্ন সেবামূলক কার্যক্রম বাস্তবায়ন করাই প্রকল্পের মূখ্য উদ্দেশ্য।

এর-ই ধারাবাহিকতায় ৮ই মার্চ, ২০২২ সংস্থার ঋণ সহায়তা কর্মসূচির ফুলকোচা শাখায় ‘গরু লালন পালনে ঝুঁকি হ্রাস’ বিষয়ক খামারি প্রশিক্ষণ এর আয়োজন করা হয়। প্রশিক্ষণ প্রদান করেন সিরাজগঞ্জ জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডা. গৌরাঙ্গ কুমার তালুকদার। প্রশিক্ষণে তিনি গরু লালন পালনের উপর বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন ও খামারিদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। এছাড়াও প্রকল্পের লাইভস্টক অফিসার ডা. মোঃ সাজ্জাদ হোসেন গরু নির্বাচন, কোয়ারেন্টাইন, কৃমিনাশকরণ, টিকা প্রদানসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। এসময় ফুলকোচা শাখা ব্যবস্থাপক আমীর হোসেন ও লাইভস্টক অফিসার ডা. তৌফিকুল হক উপস্থিত ছিলেন।

বক্তব্য দিচ্ছেন জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডা. গৌরাঙ্গ কুমার তালুকদার

এসইপি-ডেইরী প্রকল্পের ‘পরিবেশ সনদ বিষয়ক কর্মশালা’

বক্তব্য দিচ্ছেন শাহজাদপুর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ মিজানুর রহমান

Sustainable Enterprise Project (SEP) - Dairy প্রকল্পের আওতায় পল্লী কর্ম- সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহযোগিতায় “বাংলাদেশে যমুনা নদী বাহিত উত্তরাঞ্চলের ডেইরী বিজনেজ কাস্টারকে নিরাপদ দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য উৎপাদনের জন্য পরিবেশ উন্নয়নের অনুশীলন প্রচার করা” উপ- প্রকল্পটি ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) বাস্তবায়ন করছে। সিরাজগঞ্জ জেলার ২টি উপজেলার ৭টি ইউনিয়নে ৪৫ টি গ্রামে প্রকল্পটির উপকারভোগীর সংখ্যা ৩০০০ এর অধিক।

পরিবেশ বান্ধব আধুনিক প্রযুক্তি গ্রহনের মাধ্যমে প্রতিযোগিতা মূলক ডেইরী উদ্যোক্তাদের শক্তিশালী করা এবং দুগ্ধজাত পণ্য উচ্চ মূল্যের বাজারে প্রবেশের পথ সুগম করা প্রকল্পের মূল লক্ষ্য। এই কর্মসূচির অংশ হিসেবে ২৮ মার্চ ২০২২ শাহজাদপুর উপজেলার দুগ্ধজাত পণ্য উৎপাদনকারীদের নিয়ে উপজেলা প্রাণিসম্পদ অফিস হলরুমে পরিবেশ সনদ বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ মিজানুর রহমান। তিনি দুগ্ধজাত পণ্য উৎপাদনকারীদের মাঠ পর্যায়ের প্রধান সমস্যা বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে বক্তব্য দেন। দুগ্ধজাত পণ্য উৎপাদনকারীদের হ্যান্ড গ্লোব, হেয়ার নেট, এপ্রোন এবং নিয়মিত মাস্ক ব্যবহার করার জন্য পরামর্শ দেন। কর্মশালায় আরো উপস্থিত ছিলেন শাহজাদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সেনেটারী ইন্সপেক্টর আফরোজা আক্তার সুলতানা এবং শাহজাদপুর পৌরসভার সেনেটারী ইন্সপেক্টর মোঃ মাহবুবুর রহমান। এসময় মোঃ মাহবুবুর রহমান বলেন, যারা দুগ্ধজাত পণ্য উৎপাদন করে ব্যবসা করছেন, তারা দ্রুত পরিবেশ বিষয়ক ছাড়পত্র গ্রহণের করবেন এবং পরিদর্শন সাপেক্ষে পৌরসভা থেকে সার্বিক সহযোগিতা করা হবে বলে তিনি নিশ্চিত করেন। আফরোজা আক্তার সুলতানা জানান, ভ্রাম্যমান আদালতের মাধ্যমে সরকার জরিমানা করে। কাজেই জরিমানা হতে পরিত্রানের জন্য পরিবেশ বিষয়ক ছাড়পত্র, বিএসটিআই এবং ভোক্তা অধিকার আইন মেনে ব্যবসা করতে হবে। তিনি কারখানার পরিষ্কার-পরিচ্ছন্ন এবং কর্মীদের স্বাস্থ্য সুরক্ষার উপর জোর দেন।

এছাড়াও অনুষ্ঠানে প্রকল্প ব্যবস্থাপক মোঃ আব্দুল মালেক আকন্দসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ ও স্থানীয় ব্যবসায়ী উপস্থিত ছিলেন।

এনডিপি বার্তা
জানুয়ারি - মার্চ, ২০২২ । সংখ্যা ৩১ । বর্ষ ১৪

আলোকিত গ্রাম কর্মসূচির শিক্ষা উপকরণ বিতরণ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক স্ব-অর্থায়নে পরিচালিত আলোকিত গ্রাম কর্মসূচির আওতায় দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদের মধ্যে শিক্ষা উপকরণ বিতবণ করা হয়। ২৭ ফেব্রুয়ারী ২০২২ তারিখে সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংস্থার উপ-পরিচালক (কর্মসূচি) ও এনডিপি ফিড এর মহা-ব্যবস্থাপক আবু নাইম মো. জুবায়ের খান। সংস্থার শিক্ষা উপকরণ হিসেবে ছাত্রছাত্রীদের মাঝে স্কুল ব্যাগসহ প্রয়োজনীয় শিক্ষা সহায়ক সামগ্রী বিতরন করা হয়। কর্মসূচির আওতাভূক্ত কামারখন্দ উপজেলার ঝাঐল ইউনিয়নের চারটি (বাগবাড়ী, লাহিড়ী বাড়ী, বালকোল ও চর বড়ধুল) গ্রামের ২৩ জন শিক্ষার্থীর মধ্যে শিক্ষা উপকরণ বিতরন করা হয়। এসময় কর্মসূচির সিনিয়ন প্রোগ্রাম অফিসার মোঃ ফজল করিম উপস্থিত ছিলেন। সংস্থার নির্বাহী পরিচালক মহোদয় এর নির্দেশনা অনুযায়ী এনডিপি বাস্তবায়িত কামারখন্দ উপজেলায় সকল প্রকল্পের সাথে সমন্বয় রেখে গ্রাম গুলোতে বিভিন্ন সহযোগিতার পাশাপাশি অবকাঠামোগত উন্নয়ন সম্পাদিত হচ্ছে। যার একমাত্র উদ্দেশ্য গ্রাম গুলোকে মডেল গ্রামে রুপান্তরিত করা।

শিক্ষা উপকরণ তুলে দিচ্ছেন এনডিপি'র উপ-পরিচালক (কর্মসূচি) আবু নাইম মো. জুবায়ের খান

ইইএস প্রকল্প, সমবায় সমিতি ও প্যানাসিয়া এ্যাগ্রোভেট এর সমোঝতা

ইইএস প্রকল্প, সমবায় সমিতি ও প্যানাসিয়া এ্যাগ্রোভেট এর চুক্তি স্বাক্ষর

'গরু ও ছাগলের বাজার ব্যবস্থাপনা শক্তিশালী করনের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন (ইইএস) প্রকল্প এর উদ্দোগে সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলায় সমবায় সমিতি ও প্যানাসিয়া এ্যাগ্রোভেট মধ্যে সমোঝতা স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ১৯ জানুয়ারি ২০২২ ধানশিঁড়ি সমবায় সমিতির অফিসে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। ধানশিঁড়ি, আলো, বাঙ্গালী, শাপলা, রজনীগন্ধা মহিলা সমবায় সমিতি লিঃ পক্ষে সমোঝতা স্বাক্ষর করেন সমবায় সভাপতিবৃন্দ, ইইএস প্রকল্পের পক্ষে আবু আনেশ ইউসুফ এবং প্যানাসিয়া এগ্রোভেট লিঃ এর পক্ষে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক আজিজুল হক। সমোঝতা স্বাক্ষর এর মূল উদ্দেশ্য হলো প্যানাসিয়া এগ্রোভেট লিঃ গবাদী প্রাণির ঔষধ সরবরাহ, কারিগরী সহায়তা, ডিলার মূল্যে গবাদী প্রাণির ঔষধ সমবায় ও প্রকল্প অফিসে সরবরাহ করা। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তেব্যে এনডিপি'র ইইএস প্রকল্পের সমন্বয়কারী আবু আনেশ ইউসুফ চুক্তি সম্পাদনের লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে আলোচনা করেন। প্যানাসিয়া এাগ্রোভেট ব্যবস্থপনা পরিচালক তাঁর বক্তব্যে এ ধরনের উদ্যোগকে স্বাগত জানান এবং সমবায় ও এনডিপির সাথে একযোগে কাজ করার ইচ্ছা পোষন করেন। অনুষ্ঠানের সার্বিক দায়িত্বে ছিলেন প্রকল্পের টেকনিক্যাল অফিসার মোঃ শাহজাহান। এছাড়াও সমোঝতা স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমবায় সমিতির অন্যান্য নেত্রীবৃন্দ, সমবায়ের কর্মীবৃন্দসহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

মা ও শিশু সহায়তা কর্মসুচি'র নারী দিবস

এনডিপি বাস্তবায়িত "মা ও শিশু সহায়তা কর্মসুচি" আন্তির্জাতিক নারী দিবস উদযাপন অনুষ্ঠানে অংশগ্রহন ও সার্বিক সহযোগিতা করেন। প্রকল্প বাস্তবায়িত কর্ম-এলাকার রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলা ও রংপুর জেলার গংগাচড়া উপজেলায় উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অফিস কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে কর্মসূচির ছিলো স্বতস্ফুর্ত অংশগ্রহণ।

দিবসটি উপলক্ষে ডব্লিউএফপি'র সহযোগিতায় ২টি উপজেলায় মোট ২০টি ইউনিয়নে কর্মসূচির আওতাভূক্ত উপকারভোগী পরিবারের মধ্যে থেকে ২০জন শ্রেষ্ঠ স্বামী নির্বাচন করে পুরস্কৃত করা হয়। শ্রেষ্ঠ স্বামী নির্বাচনের বিবেচ্য বিষয় ছিল যারা গর্ভবতী নারীদের গর্ভকালীন সময়ে প্রয়োজনীয় সেবা সম্পর্কে অধিকার ধারনা রাখে এবং নিজ গর্ভবতী স্ত্রীদের গর্ভকালীন সময়ে সর্বাধিক সহযোগিতা করেছে। পাশাপাশি "মা ও শিশু সহায়তা কর্মসুচি" সম্পর্কে ধারণা রেখে কর্মসূচির কাজে অংশগ্রহনে সহযোগিতা করে এবং অন্যদের সহযোগিতা করতে উদ্বুদ্ধ করে।

নারী দিবসে পুরস্কার বিতরণের অংশ বিশেষ

জানুয়ারি-মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু বা শেষ হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

ক্রঃ	প্রকল্পের নাম	দাতা সংস্থার নাম	কর্ম এলাকা	সময়কাল	উদ্দেশ্য
০১	বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নির্মূল	বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	রাজশাহী সিটি করপরেশন	জানুয়ারী ০১, ২০২২ থেকে অক্টোবর ৩১, ২০২২	ঝুকিপূর্ণ শিশুশ্রমের সাথে জড়িত শিশুদের সনাক্ত করা। উপানুষ্ঠানিক শিক্ষা-এনএফই প্রদান করা, এবং দতা উন্নয়ন প্রশিক্ষণ-এসডিটি প্রদান করা।
০২	রাইট টু ইনফরমেশন ফর গুড গভর্ন্যান্স (আরটুআইজি)	দ্যা এশিয়া ফাউন্ডেশন	সিরাজগঞ্জ সদর উপজেলার ৪টি ইউনিয়ন (শিয়ালকোল, খোকশাবাড়ী, কালিয়াহরিপুর ও সয়দাবাদ)	জানুয়ারি ১৩, ২০২১ থেকে ৩১ মার্চ ২০২২	* জনগণের চাহিদা অনুযায়ী তথ্য প্রদান করতে সরকারি দপ্তর গুলোকে উদ্বুদ্ধ করা যাতে করে দপ্তরগুলো তথ্য প্রদানের ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। * জনগন ও প্রকল্পের প্রধান ষ্টেকহোল্ডারদের মধ্যে তথ্য অধিকার বিষয় সম্পর্কে সচেতনতা তৈরী করা যেন সাধারন জনগণ তাদের অধিকার ও মর্যাদা সম্পর্কিত তথ্য সঠিকভাবে পেতে পারে ও তা ব্যবহার করতে পারে। * ইউনিয়ন তথ্য কেন্দ্রের দক্ষতাবৃদ্ধি করা যাতে তারা প্রযুক্তিকে কাজে লাগিয়ে জনগণকে নাগরিকবান্ধব আচরনের মাধ্যমে তথ্য প্রদান করে। * নাগরিকদের বিশেষ করে পিছিয়ে পড়া জনগোষ্ঠীর চাহিদা অনুসারে তথ্য প্রদানে দায়িত্ব প্রাপ্ত তথ্য প্রদানকারী কর্মকর্তাদের দক্ষতাবৃদ্ধি।

এনডিপি বার্তা
জানুয়ারি - মার্চ, ২০২২ । সংখ্যা ৩১ । বর্ষ ১৪

"মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা এবং জেন্ডার ও যৌন হয়রানি" বিষয়ক প্রশিক্ষণ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর কর্মরত কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে দিনব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২৬ ফেব্রুয়ারি ২০২২ সংস্থার প্রধান কার্যালয়ে প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন সংস্থার নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এসময় তিনি বলেন, "সংস্থার যেমন মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা রয়েছে তেমনি এর ব্যবহার ও রয়েছে। কিন্তু অনেক সহকর্মী রয়েছে যারা নীতিমালার অনেক বিষয় সম্পর্কেই অবগত নয়। অথচ কর্মকর্তাদের সকল সুযোগ সুবিধা এ নীতিমালার আলোকেই প্রদান করা হয়। এজন্য আজকের আয়োজন, আমরা দিনব্যাপি প্রশিক্ষণের মাধ্যমে আমরা নীতিমালা সম্পর্কে জানবো এবং পর্যায়ক্রমে এধরণের প্রশিক্ষণের মাধ্যমে সংস্থার সকল নীতিমালা সম্পর্কেই আমরা অবগত হব। পাশাপাশি তিনি জেন্ডার ইস্যুর ক্ষেত্রে জিরো টলারেন্স এর উদাহরণ দিয়ে আর্থিক অনিয়ম এবং জেন্ডার ইস্যু থেকে বিরত থাকার আহবান জানান।"

সংস্থার মানব সম্পদ ও প্রশাসন বিভাগের উদ্যোগে এবং প্রশিক্ষণ বিভাগের আয়োজনে "মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা এবং জেন্ডার ও যৌন হয়রানি" বিষয়ে এ প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ প্রদান করেন মানব সম্পদ ও প্রশাসন বিভাগের সহকারী পরিচালক নুরুন নাহার ও প্রশিক্ষণ বিভাগের ব্যবস্থাপক মো. সাখাওয়াত হোসেন খান। দিনব্যাপি প্রশিক্ষণে সংস্থার উর্ধ্বতন ব্যক্তিবর্গসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বক্তব্য দিচ্ছেন সংস্থার নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

সমৃদ্ধি কর্মসূচির চোখের ছানী অপারেশন

চক্ষু ছানী অপারেশন পরবর্তী ছবি

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর আর্থিক সহায়তায় সমৃদ্ধি কর্মসূচির আওতায় চক্ষু ক্যাম্প এর আয়োজন করা হয়। ০১ মার্চ ২০২২ নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার মশিন্দা ইউনিয়নে এবং ১৩ ফেব্রুয়ারি ২০২২ পাবনা জেলার বেড়া উপজেলার চাকলা ইউনিয়নে অপারেশন এর আয়োজন করা হয়। দুইটি উপজেলায় অতিদরিদ্র পরিবারের ২০ জন করে মোট ৪০ রোগীকে এ সহায়তা দেয়া হয়। পরিকল্পনা অনুযায়ী গুরুদাসপুর চক্ষু হাসপাতাল এবং বেড়া সানিলায় বি.এন.এস.বি রওশনআরা-সাত্তার চক্ষু হাসপাতালে অপারেশন এর ব্যবস্থা করা হয়। অপারেশন এর সার্বিক তত্বাবধানে ছিলেন সিরাজগঞ্জ বিএনএসবি চক্ষু হাসপাতাল।

উল্লেখ্য গুরুদাসপুর চক্ষু হাসপাতালে সফলভাবে ছানী অপারেশন শেষে ক্যাম্পের সমাপনী পর্ব অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গুরুদাসপুর উপজেলা চেয়ারম্যান মোঃ আনোয়ার হোসেন। এসময় তিনি সরকারের পাশাপাশি এ ধরনের উন্নয়নমূলক ও মহতী কাজ করায় ভূয়োসি প্রসংশা করেন এবং তা চলমান রাখার ও প্রত্যাশা ব্যাক্ত করেন। অত:পর ছানী অপারেশন রোগীদের ডাক্তারের নির্দেশনা মেনে চলার আহবান জানিয়ে সকলের সু-স্বাস্থ্য কামনা করেন। পরিশেষে সকল কার্যক্রম বাস্তবায়নে এনডিপিকে সার্বিক সহায়তা প্রদানের আশ্বাস প্রদান করেন। অনুষ্ঠানে গুরুদাসপুর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান রোকসানা আকতার (লিপি) ও ৪ নং মশিন্দা ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান মোঃ আঃ বারী উপস্থিত ছিলেন।

সিজিবিভি প্রকল্প ও ওয়ান স্টপ ক্রাইসিস সেল এর সংলাপ

১২ ফেব্রুয়ারী ২০২২ (শনিবার) সকাল ৯.৩০ ঘটিকায় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)'র জেন্ডার সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্পের আয়োজনে সিরাজগঞ্জ সদর উপজেলার ওয়ান স্টপ ক্রাইসিস সেলের সাথে সংলাপ অনুষ্ঠিত হয়। মানুষের জন্য ফাউন্ডেশনের কারিগরি সহায়তায় ও সুইডিস সিডার আর্থিক সহায়তায় সিরাজগঞ্জ জেলার পাবলিক লাইব্রেরী হলরুমে সংলাপ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে ওয়ান স্টপ ক্রাইসিস সেল এর প্রদেয় সেবা সম্পর্কে এবং সেবার ফাউন্ডিংসগুলো সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন ওয়ান স্টপ ক্রাইসিস সেল এর প্রোগ্রাম অফিসার মো. জাহেদুর রহমান। সংলাপ অনুষ্ঠানে উপজেলা সোসাল সাপোর্ট কমিটির সদস্য আইনজীবি মাহবুব-এ-খোদা টুটুল লিগ্যাল এইডের সেবার ক্ষেত্রে সার্বক্ষনিক সহযোগিতা প্রদান করবেন বলে সকল সদস্যকে আশ্বস্ত করেন। এছাড়াও কালিয়াহরিপুর ও সয়দাবাদ ইউনিয়নের নারী, পুরুষ এবং যুব দলের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন প্রকল্প সমন্বয়কারী মোছা: আকতারী বেগম।

বক্তব্য দিচ্ছেন ওয়ান স্টপ ক্রাইসিস সেল এর প্রোগ্রাম অফিসার মো. জাহেদুর রহমান

প্রবীণ কর্মসূচির সোনালী উদ্যোগ (টি-স্টল) স্থাপন

চেক হস্তান্তর করছেন পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহায়তায় এনডিপি কর্তৃক পাবনা জেলার বেড়া উপজেলাধীন চাকলা ও মাসুমদিয়া ইউনিয়নে এবং নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার মশিন্দা ইউনিয়নে প্রবীণ জনগোষ্ঠীর জীবন-মান উন্নয়ন কর্মসূচি পরিচালনা করে আসছে। কর্মসূচীর আওতায় অস্বচ্ছল প্রবীণদের আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে সম্পৃক্তকরণের মাধ্যমে আর্থ-সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরন, পরিবারের সদস্যদের জীবনযাত্রার মানোন্নয়ন এবং সামাজিকভাবে মতায়নের লক্ষ্যে 'প্রবীণ সোলানী উদ্যোগ (টি-স্টল) শীর্ষক একটি কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহন করা হয়।

নীতিমালা অনুযায়ী ওয়ার্ড ও ইউনিয়ন প্রবীণ কমিটির চুড়ান্ত যাছাই বাছাই ও মতামতের ভিত্তিতে সৃজনশীল এই কার্যক্রম বাস্তবায়নে তিন কর্ম-এলাকায় তিনজন আগ্রহী উদ্যোক্তা মনোনিত করা হয়েছে। এ লক্ষ্যে ২০২১-২২ অর্থবছরের বাজেট বরাদ্দ অনুযায়ী উক্ত প্রবীণ সোনালী উদ্যোগ (টি-স্টল) স্থাপন ও পরিচালনা বাবদ- ১৫,০০০ টাকা করে সর্বমোট ৪৫,০০০ টাকা প্রদান করা হয় । অর্থ হস্তান্তরে সংস্থার পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ, সহকারী পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোঃ শহিদুল ইসলাম, জোনাল ম্যানেজার মোঃ আমিনুল ইসলাম, প্রোগ্রাম অফিসার (প্রবীণ জনগোষ্ঠীর জীবন-মান উন্নয়ন কর্মসূচি) মোঃ আখিনুর রহমান ও শাখা ব্যবস্থাপক মোঃ রাশেদুল ইসলাম উপস্থিত ছিলেন।

এনডিপি বার্তা
জানুয়ারি - মার্চ, ২০২২ । সংখ্যা ৩১ । বর্ষ ১৪

ইউএনডিপি এর অর্থায়নে সেলাই মেশিন প্রদান

বক্তব্য দিচ্ছেন জেলা মহিলা বিষয়ক কার্যালয়ের উপ-পরিচালক কানিজ ফতেমা

হিউম্যান রাইটস্ প্রোগ্রাম-ইউএনডিপি এর অর্থায়নে এবং সিরাজগঞ্জ সিএসও কোয়ালিশনের উদ্যোগে ০৫ দিনব্যাপি আদিবাসী, ক্ষুদ্র নৃগোষ্ঠী, দলিত, প্রতিবন্ধি ও অসহায় ২০জন কিশোরী ও নারীকে সেলাই মেশিন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ০৬ জানুয়ারী ২০২২ এনডিপি তাঁত প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণের শুভ উদ্বোধন ঘোষণা করেন সিরাজগঞ্জ জেলা মহিলা বিষয়ক কার্যালয়ের উপ-পরিচালক কানিজ ফতেমা। বক্তব্যে তিনি প্রশিক্ষণ থেকে প্রাপ্ত জ্ঞান বাস্তব জীবনে কাজে লাগানোর আহবান জানান। একইসাথে নারীর ক্ষমতায়ন নিয়েও অংশগ্রহণকারীদের সাথে আলোচনা করেন। সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর, কামারখন্দ ও রায়গঞ্জ উপজেলার পিছিয়ে পরা অতিদরিদ্র পরিবারের সদস্যদের দক্ষ প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ প্রদান করা হয়।

প্রশিক্ষণ পরবর্তীতে ২০জন অংশগ্রহণকারীর প্রত্যেককেই একটি করে সেলাই মেশিন ও মেশিন পরিচালনার বিভিন্ন সরঞ্জাম প্রদান করা হয়। বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কামারখন্দ উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ মেরিনা সুলতানা। অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান বলেন, মূলত দরিদ্র মানুষের কষ্ট লাঘব ও জীবনমান উন্নয়নের জন্য এ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান, এমডিও এর নির্বাহী পরিচালক মাছউদ আহমেদ রোকনী ও এনডিপি'র সহকারী ব্যবস্থাপক (প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচি) শিপন চন্দ্র নাগ।

গৃহায়ন কর্মসূচির ঋণ বিতরণ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) বাস্তবায়িত গৃহায়ন প্রকল্পের উদ্যোগে ঋণ বিতরণ করা হয়েছে। ১৫ মার্চ ২০২২ স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী উপক্ষ্যে এ ঋণ বিতরণ করা হয়। এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির কাছিকাটা ও কাফুরিয়া শাখার আওতায় ঋণ বিতরণ সম্পন্ন করা হয়। শাখা দুইটির অধীনে যথাক্রমে ৮ জন গৃহহীন সদস্যর মাঝে ১০,৪০,০০০/-(দশ লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং ১০ জন গৃহহীন সদস্যর মাঝে ১৩,০০,০০০/-(তের লক্ষ) টাকা গৃহ ঋণ বিতরণ করা হয়। বিতরণ অনুষ্ঠানে নাটোর সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা মোছাঃ আফরোজা খাতুন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নাটোর সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ শরিফুল ইসলাম রমজান। বিতরণকালে চেয়ারম্যান বলেন, এনডিপি নাটোর জেলায় বেশকিছু উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করেছে যা আমি লক্ষ্য করেছি। বিশেষ করে করোনাকালীন সময়ে তারা যে অবদান রেখেছে সেটি অনস্বীকার্য। অতপর তিনি স্থানীয় বেসরকারী উন্নয়ন সংস্থা গুলোকে অনুরুপ কার্যক্রম বাস্তবায়নের জন্য আহবান জানান।

চেক তুলে দিচ্ছেন নাটোর সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ শরিফুল ইসলাম রমজান

এছাড়াও অনুষ্ঠানে এনডিপি'র সহাকারী পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) কে.এম শহিদুল ইসলাম, জোনাল ম্যানেজার এসএম সিরাজুল ইসলাম, এরিয়া ম্যানেজার মোঃ কামরুল হাসান, প্রকল্প সমন্বয়কারী (সমৃদ্ধি) মোঃ কছিম উদ্দিনসহ শাখার অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থি ছিলেন।

কৈশোর কর্মসূচির জাতীয় শিশু দিবস উদ্‌যাপন

পুরস্কার হাতে কৈশোর ক্লাবের সদস্যবৃন্দ

মেধা ও মননে সুন্দর আগামী এই প্রতিপাদ্যকে সামনে রেখে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) যৌথ অর্থায়নে পরিচালিত কৈশোর কর্মসূচিটি সিরাজগঞ্জ জেলার চারটি উপজেলায় (সিরাজগঞ্জ সদর, কামারখন্দ, বেলকুচি ও রায়গঞ্জ) বাস্তবায়িত হচ্ছে। কৈশোর কর্মসূচির উদ্যোগে ১৭ মার্চ শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন করা হয়। দিবসটি উদ্‌যাপন উপলক্ষে ক্লাব পর্যায়ে সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাংকন প্রতিযোগিতা, কবিতা আবৃতি, রচনা প্রতিযোগিতা ও আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্থানীয় জনপ্রতিনিধি, শিক্ষক, গন্যমান্য ও কর্মসূচির কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। একইসাথে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

এনডিপি বার্তা
জানুয়ারি - মার্চ, ২০২২ । সংখ্যা ৩১ । বর্ষ ১৪

সৌহার্দ্য III কর্মসূচি'র বহুমুখী নগদ অর্থ সহায়তা

সহায়তা তুলে দিচ্ছেন বেলকুচি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মির্জা মোঃ সোলায়মান হোসেন

কেয়ার বাংলাদেশ এর সহযোগিতায় পরিচালিত সৌহার্দ্য III কর্মসূচীর উদ্যোগে বহুমুখী নগদ অর্থ সহায়তা প্রদান করা হয়েছে। কর্মসূচির অন্তর্গত সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলার ৪টি (বেলকুচি, রাজাপুর, দৌলতপুর ও বড়ধুল) ইউনিয়নে ৩ ও ৪ জানুয়ারি ২০২২ দুই দিনব্যাপি কার্যক্রম পরিচালনা করা হয়। ইউনিয়নের মধ্য হতে বাছাইকৃত ২৯৮ জন অতি দরিদ্র অসহায় পরিবারের প্রত্যেককে ৩,০০০ টাকা করে সর্বমোট ৮,৯৪,০০০ টাকা (আট লক্ষ চুরানব্বই হাজার টাকা) প্রদান করা হয় ।

অনুষ্ঠানে উপজেলার ০১নং বেলকুচি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মীর্জা মোঃ সোলায়মান হোসেন, ০২ নং রাজাপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোছাঃ ছনিয়া সবুর আকন্দ, ও ইউপি সদস্য এ বিএম খায়রুজ্জামান লিটন উপস্থিত ছিলেন। এসময় বলকুচি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মীর্জা মোঃ সোলায়মান হোসেন এরুপ কর্মকান্ড বাস্তবায়নের জন্য এনডিপিকে ধন্যবাদ জানান। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেয়ার বাংলাদেশ সিরাজগঞ্জ প্রতিনিধি শাহ্ রেজাউল করিম, মোছা. লায়লী বেগম ও কর্মসূচির ব্যবস্থাপক মোঃ মোস্তফা মনোয়ার পারভেজ ।

উল্লেখ্য ইউএসএআইডি ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর অর্থায়নে এনডিপি ২০১৬ থেকে সৌহার্দ্য কর্মসূচি সিরাজগঞ্জ জেলার বেলকুচি, চৌহালী ও শাহ্জাদপুর উপজেলায় বাস্তবায়ন করে আসছে।

১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবসের কার্যক্রম

প্রতিবারের ন্যায় এবারো বিভিন্ন কার্যক্রমের মধ্যদিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২২ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষ্যে মাসব্যপি কর্মসূচির আয়োজন করে বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। সংস্থার প্রধান কার্যালয় ছাড়াও বিভিন্ন প্রকল্প/কর্মসূচির উদ্যোগে কর্মসূচি গ্রহণ করা হয়। সংস্থার প্রধান কার্যালয়সহ ঋণ সহায়তা কর্মসূচির শাখা অফিসে বিশেষজ্ঞ ডাঃ দ্বারা অসহায় মানুষদের চিকিৎসা সেবা প্রদান করা হয়। মূলত সমাজের যেসকল মানুষ আর্থিক অসচ্ছলতার কারণে চিকিৎসা সেবা গ্রহণ করতে পারছেন না, তাদেরকে চিহ্নিতকরণের মাধ্যমে এ সহায়তা প্রদান করা হয়। বিশেষজ্ঞ ডাঃ এর পরামর্শের পাশাপাশি তাদের বিনামূল্যে ঔষধ প্রদান করা হয় এবং নিয়মিত ফলোআপ করা হয়।

এছাড়াও সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে পাবনা ও নাটোর জেলায় আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, বঙ্গ বন্ধুর জীবনি, ৭ই মার্চের ভাষন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়, কৈশোর কর্মসূচির উদ্যোগে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভার আয়োজন করা হয়। ক্লাব পর্যায়ে অনুষ্ঠিত দিবসটি ঘিরে চিত্রাংকন প্রতিযোগিতা, কবিতা আবৃতি, রচনা প্রতিযোগিতা ও দেশাত্ববোধক গানের আয়োজন করা হয়। একইসাথে সাংস্কৃতিক অনুষ্ঠান পরবর্তীতে প্রতিযোগিতায় অংশগ্রহণকরীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

স্বাস্থ্য ক্যাম্পের অংশ বিশেষ

জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির লিগ্যাল এইড কমিউনিটি ক্লিনিক

বক্তব্য দিচ্ছেন সেকেন্ড অফিসার (কামারখন্দ) মো. ইয়ামিন হোসেন

নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ করে তাদের অধিকার নিশ্চিত করা ও নির্যাতনের শিকার নারীদের আইনী সহায়তা প্রদান করার লক্ষ্যকে সামনে রেখে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর স্ব-অর্থায়নে পরিচালিত জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। প্রাথমিক পর্যায়ে সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলায় বাস্তবায়িত হলেও কর্মসূচির সুদূর প্রসারী পরিকল্পনা রয়েছে।

কর্মসূচির ধারাবাহিত কার্যক্রমর অংশ হিসেবে ২৯ মার্চ ২০২২ তারিখে ঝাঐল ইউনিয়নে তেঘরি গ্রামে রেজাউল করিম বাচ্চু মেম্বরের বাড়ীতে লিগ্যাল এইড কমিউনিটি ক্লিনিক এর আয়োজন করা হয়। অনুষ্ঠানে বাল্য বিবাহ, যৌতুক, নারী নির্যাতন, নারীর অধিকার ও আইনগত সহায়তা বিষয়ে মুক্ত আলোচনা করা হয়। আলোচনা শেষে আইনী পরামর্শ প্রদান করা হয়। আলোচনা ও আইনগত সহায়তা প্রদান করেন কামারখন্দ থানার সেকেন্ড অফিসার মো. ইয়ামিন হোসেন। এছাড়াও এনডিপি সিনিয়র প্রোগ্রাম অফিসার মো. ফজল করিম, ইউপি সদস্য মো. রেজাউল করিম বাচ্চু উপস্থিত থেকে মুক্ত আলোচনায় অংশ গ্রহণ করেন।

এনডিপি বার্তা
জানুয়ারি - মার্চ, ২০২২ । সংখ্যা ৩১ । বর্ষ ১৪

এসডিসি কর্তৃক জামালপুরে এমফোরসি প্রকল্প পরিদর্শন

সুইচ ডেভেলপমেন্ট কো-অপারেশন এর অর্থায়নে এনডিপি মেকিং মার্কেট ওয়ার্ক ফর দ্যা চরস্ (এমফোরসি ফেস-৩) প্রকল্পটি বাস্তবায়ন করে আসছে। প্রকল্পটি জামারপুর ও কুড়িগ্রাম জেলায় বাস্তিবায়িত হচ্ছে। প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শনের লক্ষ্যে ৫ জানুয়ারী ২০২২ জামালপুর আসেন ঢাকাস্থ সুইজারল্যান্ড দুতাবাস এর সিনিয়র প্রোগ্রাম অফিসার সৈয়দা জিনিয়া রশীদ।

পরির্দশনকালে তিনি জামালপুর জেলার সরিষাবাড়ী উপজেলার নলসন্ধ্যা চরের এমফোরসি প্রকল্প সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময় করেন। তিনি প্রকল্পের মাধ্যমে চরের মানুষের কৃষিজ উৎপাদন, প্রাণি সম্পদ উন্নয়ন, বানিজ্যিকভাবে দেশী মুরগী উৎপাদন ও ব্যবসায়িক সেবা সম্প্রসারণের গল্প শুনে অভিভুত হন। একইসাথে দুর্গম চরে এনডিপির চর উপযোগী ঋণ কার্যক্রম সম্প্রসারণ দেখে প্রসংশা করেন। অতপর তিনি সরেজমিনে উপকারভোগীদের বাড়ীতে বিভিন্ন ধরনের আয়বৃদ্ধিমূলক কার্যক্রম পরিদর্শন করেন। চরের মানুষের আয় বৃদ্ধির মাধ্যমে বিপদাপন্নতা কমিয়ে জীবনমান উন্নয়নের এ মডেল এমফোরসি কর্ম এলাকার সকল চরে সম্প্রসারনের পরামর্শ প্রদান করেন ও আশাবাদ ব্যক্ত করেন। চরের মানুষের জীবনমান উন্নয়নে সফলভাবে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করায় এনডিপির ভূয়সি প্রসংশা করেন এবং এনডিপির সকল কর্মকর্তাদের ধন্যবাদ জানান।

পরিদর্শনে উপস্থিত আছেন সৈয়দা জিনিয়া রশীদ, সিনিয়র প্রোগ্রাম অফিসার, সুইজারল্যান্ড দুতাবাস

পরিদর্শনকালে আরো উপস্থিত ছিলেন এমফোরসি প্রকল্পের প্রকল্প পরিচালক ডঃ আব্দুল মজিদ প্রামানিক (যুগ্ন পরিচালক পল্লী উন্নয়ন একাডেমি বগুড়া), এমফোরসি টিম লিডার আঃ আওয়াল, পার্টনারশীপ এন্ড গ্রান্ডস এর ব্যবস্থাপক ইয়াসির আরাফাত, এমআরএম এর ব্যবস্থাপক মোঃ তৌহিদুল ইসলামসহ অন্যন্য কর্মকর্তাবৃন্দ।

কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৮,০০০.০০ টাকা
- প্রশিক্ষণ কক্ষ (এসি) : ৪,০০০.০০ টাকা

খাবারের মূল্য তালিকা

সকালের নাস্তা	:	৭০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা)
লাঞ্চ/ডিনার	:	(১৭০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ)
নাস্তা	:	৩০ টাকা (সিঙ্গারা/সামুচা, কেক ও চা)
চা	:	১০ টাকা (প্রতি কাপ)
কফি	:	২০ টাকা (প্রতি কাপ)
কোমল পানীয়	:	৪৫ টাকা (২৫০ মিলি ক্যান)/ ২০ টাকা (২৫০ মিলি বোতল)
দই	:	৪০ টাকা (১০০ গ্রাম)
মিনারেল ওয়াটার	:	১৫ টাকা (৫০০ মিলি বোতল)

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে। আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং ৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীতাতপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।

ডরমেটরী

সাধারণ নন এসি কক্ষ	:	৬০০.০০	টাকা (ডাবল বেড)
এসি (ভিআইপি) কক্ষ	:	১,০০০.০০	টাকা (ডাবল বেড)
ডিলাক্স (এসি) কক্ষ	:	১,৫০০.০০	টাকা (ডাবল বেড)
লাক্সারি (এসি) কক্ষ	:	১,২০০.০০	টাকা (সিঙ্গেল বেড)

বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হয়। ই- মেইলএ যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে হবে।

অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া

যোগাযোগ ঃ
ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)
এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩
টেলিফোন: ০৭৫১-৬৩৮৭৬, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬, ফ্যাক্স: +৮৮-০৭৫১-৬৩৮৭৭
ই-মেইল: akhan_ndp@yahoo.com, ওয়েবসাইট :www.ndpbd.org